

# মূল্যায়ন পরীক্ষা : ২০২০

শ্রেণি - দশম

বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয়


(বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড: ১৫০

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

**দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

- ১। মুক্তিযুদ্ধের সময় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কে ছিলেন?
- (ক) নূরুল হক (খ) খন্দকার মোশতাক  
(গ) তাজউদ্দিন আহমদ  
(ঘ) সৈয়দ নজরুল ইসলাম
- ২। জাতীয় ৪ নেতাকে হত্যা করা হয়েছিল কোন তারিখে?
- (ক) ১৯৭৫ সাল ৩রা নভেম্বর  
(খ) ১৯৭৫ সাল ৪ঠা নভেম্বর  
(গ) ১৯৭৫ সাল ৫ই নভেম্বর  
(ঘ) ১৯৭৫ সাল ৬ই নভেম্বর
- ৩। 'ইনডেমনিটি অর্ডিনেন্স' নামে সংবিধান ও আইনের শাসন বিরোধী একটি অধ্যাদেশ কে জারি করেন?
- (ক) জেনারেল জিয়াউর রহমান  
(খ) খন্দকার মোশতাক  
(গ) এস. এস. এম সায়েম  
(ঘ) খালেদ মোশারফ
- ৪। সূর্য মূলত কী দ্বারা গঠিত?
- (ক) তরল পদার্থ  
(খ) কঠিন পদার্থ  
(গ) গ্যাসীয় পদার্থ  
(ঘ) কঠিন ও তরলের মিশ্রণ
- ৫। সূর্যের অনবরত হাইড্রোজেন থেকে কী তৈরি হচ্ছে?
- (ক) শক্তি (খ) হিলিয়াম  
(গ) আলো (ঘ) নাইট্রোজেন
- নিচের চিত্র দেখে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :
- 
- ৬। 'A' চিহ্নিত গ্রহটিতে কোনটি অনুপস্থিত?
- (ক) বাতাসের চাপ (খ) কার্বন ডাই অক্সাইড  
(গ) বারিমণ্ডল (ঘ) অক্সিজেন
- ৭। 'C' গ্রহের চেয়ে 'B' গ্রহে মানুষ বসবাসের গুরুত্বপূর্ণ কারণ কোনটি?
- (ক) নাইট্রোজেন ও অক্সিজেনের শতকরা হার অন্যান্য গ্যাসের চেয়ে বেশি হওয়ায়  
(খ) কার্বন ডাই অক্সাইডের শতকরা হার অপরিবর্তিত  
(গ) সূর্য থেকে নিসৃত তাপ মানুষের কাছে অসহনীয়  
(ঘ) ট্রিপোমণ্ডল স্তরটি সর্বোচ্চ স্তরে অবস্থিত
- ৮। ভাওয়ালের সোপানভূমি কোন সময়ে গঠিত?
- (ক) প্লাইস্টোসিনকালে (খ) টারশিয়ারি যুগে  
(গ) মধ্যযুগে (ঘ) সাম্প্রতিককালে
- ৯। কোনটি বাংলাদেশের সর্বোচ্চ শৃঙ্গের নাম?
- (ক) কিওক্রাডং (খ) পিরামিড  
(গ) তাজিওডং (বিজয়) (ঘ) মোদকমুয়াল
- ১০। বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের পাহাড়সমূহ হচ্ছে-
- i. তাজিওডং ii. খাসিয়া  
iii. জয়ন্তিয়া
- নিচের কোনটি সঠিক?
- (ক) i ও ii (খ) ii ও iii  
(গ) i ও iii (ঘ) i, ii ও iii
- ১১। বিভাগ ও জেলা প্রশাসনের মাঝে সেতুবন্ধনের কাজ করে কে?
- (ক) সচিব (খ) উপসচিব  
(গ) বিভাগীয় কমিশনার  
(ঘ) উপজেলা নির্বাহী অফিসার
- ১২। আমাদের দেশের সবচেয়ে প্রাচীন স্থানীয় সংগঠন কোনটি?
- (ক) জেলা পরিষদ (খ) উপজেলা পরিষদ  
(গ) ইউনিয়ন পরিষদ (ঘ) পৌরসভা
- ১৩। বাংলাদেশের আইনসভা-
- i. জাতীয় সংসদ নামে পরিচিত  
ii. দ্বি-কক্ষ বিশিষ্ট  
iii. প্রচলিত আইন সংশোধন করে
- নিচের কোনটি সঠিক?
- (ক) i ও ii (খ) ii ও iii  
(গ) i ও iii (ঘ) i, ii ও iii